একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকশিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর : রাশিবো/১/কনি-২য় খন্ড(৪র্থ)/২৯৪ তারিখ : ১২/০৩/২০২৬ খ্রি.

নিবন্ধন সংক্রান্ত

## বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ এইচ.এস.সি ২০২৬ সালের পরীক্ষার পরীক্ষার্থীদের নিবন্ধন কার্ড সংশোধন করণ প্রসঙ্গে।

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন অনুমতিপ্রাপ্ত সকল কলেজ/উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ/ প্রধান শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ এইচ.এস.সি ২০২৬ সালের পরীক্ষার পরীক্ষার্থীদের নিবন্ধন কার্ডে নিজ/পিতা/ মাতা/জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে জেএসসি ও এসএসসি রেজি: কার্ড সংশোধন করতে হবে এবং অনলাইনে সংশোধিত ডাটা আপডেট হলে রেজি: কার্ড সংশোধন করা যাবে। যদি কোন শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর ভুল বা ফাঁকা থাকে তবে অবশ্যই সংশোধন করতে হবে। পরীক্ষার্থীদের স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে নিবন্ধন কার্ড সংশোধন, নিম্নলিখিত ছকে উল্লেখিত নির্ধারিত ফি সোনালী সেবায় প্রদান পূর্বক অনলাইনে সংশোধন করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | বিবরণ | তারিখ থেকে | তারিখ পর্যন্ত | সংশোধনী ফি | নিবন্ধন কার্ডে বিষয় কোড সংশোধন,বিভাগ পরিবর্তন, নির্ধারিত তারিখে এবং নির্ধারিত ফি সোনালী সেবায় প্রদান পূর্বক অনলাইনে বিষয় কোড সংশোধন,বিভাগ পরিবর্তন ও নাম সংশোধন করা যাবে। |
|---|---|---|---|---|---|
| ১. | নিবন্ধন কার্ডে বিষয় কোড ভুল সংশোধন, বিষয় পরিবর্তন,বিভাগ/ গ্রুপ পরিবর্তন, (আসন ফাঁকা থাকা সাপেক্ষে) নিজ/পিতা/মাতার নাম সংশোধন। | ১২/০৩/২০২৬ | ১২/০৪/২০২৬ | ২৫০/- | |

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রফেসর মো: মাহবুব হাসান-০৯৫২২
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

প্রাপক:
অধ্যক্ষ/প্রধান শিক্ষক
উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অনুলিপি অবগতি ও কার্যার্থে:


১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (চ:দা:) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী


২। অফিস নথি

সংযুক্তি :

এইচএসসি ২০২৬ পরীক্ষার পরীক্ষার্থীদের রেজি: কার্ডে নিজ/পিতা/মাতা/জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে জেএসসি ও এসএসসি রেজি: কার্ড সংশোধন করতে হবে এবং অনলাইনে সংশোধিত ডাটা আপডেট হলে রেজি: কার্ড সংশোধন করা যাবে।

রেজি: কার্ড সংশোধনের জন্য নির্দেশিকা অনুযায়ী প্রবেশ করুন এবং এডিট-এ ক্লিক করুন এরপর একটি ডায়ালগ বক্স দেখতে পাবেন সেখানে Find-এ ক্লিক করুন সংশোধিত ডাটা চলে আসবে।




File Edit View History Bookmarks Tools Help
Board of Intermediate and Seconda
Not Secure http://app.rajshahiboard.gov.bd/tc/dashboard.php?v=2#/eservice/archive/list.php?type=5
Registration Card Correction
Find এ ক্লিক করুন সংশোধিত ডাটা চলে আসবে
JSC Exam Information
Board
Rajshahi
Year
2023
271810
2312771810
Find
Student Information
Registration No
2312771810
Name
MST. JEASMIN KHATUN
Father's Name
MD. ASHRAF ALI
Mother's Name
KULSON
Date of Birth
01/01/2011
Gender
FEMALE
Religion
Islam
Class Roll
000036
Student ID
Student ID
Delete
Type here to search
12:37 PM
1/22/2026

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www. rajshahieducationboard.gov.bd

## রেজিষ্ট্রেশন কার্ড (Online) প্রিন্ট ও সংশোধনের জন্য বিশেষ নির্দেশিকাঃ

রেজিষ্ট্রেশন কার্ড প্রিন্ট ও সংশোধন করার জন্য প্রথেমে Google chorme Browser থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর ওয়েবসাইট (**www.rajshahieducationboard.gov.bd**)-এ প্রবেশ করে নিম্নরূপে কাজ করুন।

১। **শিক্ষা প্রতিষ্ঠানের করনীয়ঃ** শিক্ষা বোর্ডের ওয়েব পেজের ডান দিকে অভ্যন্তরীন সেবাসমূহ হতে **"প্রতিষ্ঠান লগইন"** ক্লিক করুন। অতপর প্রতিষ্ঠানের EIIN ও প্রথম password ব্যবহার করুন। **sign in** হলে রেজিষ্ট্রেশন কার্ড প্রিন্ট ও সংশোধন করা যাবে অথবা সেবা বক্স থেকে "নিয়মিত শিক্ষার্থীদের রেজিষ্ট্রেশন কার্ড/প্রবেশপত্র" এর ঘরে **"রেজিষ্ট্রেশন কার্ড প্রিন্ট প্রতিষ্ঠানের জন্য"** এ ক্লিক করুন অতপর প্রতিষ্ঠানের EIIN ও প্রথম password ব্যবহার করে **sign in** করুন। এর পর Registration card এ ক্লিক করলে নিম্নরূপে ২টি মেনু দেখাবেঃ

- **Registration card** (For single student)
- **Registration card print** (For all student)

উল্লেখিত মেনু হতে Registration card print এ ক্লিক করুন। এর পর Exam name, Exam Year select করে Submit করে Ok করুন। Registration card Download মেনুতে শিক্ষার্থীর তথ্য পর্যায়ক্রমে ১০০ করে ডাউনলোডের পদ্ধতি দেখাবে।

**শিক্ষার্থীর জন্যঃ** "নিয়মিত শিক্ষার্থীদের রেজিষ্ট্রেশন কার্ড/প্রবেশপত্র" সেবা বক্সে ঘরে **"রেজিষ্ট্রেশন কার্ড প্রিন্ট শিক্ষার্থীর জন্য"** এর উপর ক্লিক করুন। এর পর Exam name, Exam Year ও রেজিষ্ট্রেশন নম্বর লিখে Find ক্লিক করুন, এখানে শিক্ষার্থী রেজিষ্ট্রেশন কার্ড দেখতে পাবে এবং প্রিন্ট করতে পারবে। এই প্রিন্ট কপি কখনো কোথাও ব্যবহার করতে পারবে না, তবে সংশোধনের জন্য আবেদন করে থাকলে তা আপডেট হয়েছে কিনা তা যাচাই করতে পারবে।

২. **রেজিষ্ট্রেশন কার্ড প্রিন্ট কাগজঃ** রেজিষ্ট্রেশন কার্ড প্রিন্ট করার জন্য A4 অথবা Letter Size অপ হোয়াইট/ক্রীম রং কাগজ ব্যবহার করতে হবে। প্রতিষ্ঠান সকল রেজিষ্ট্রেশন কার্ড প্রিন্ট করার পর শিক্ষার্থীদের স্বাক্ষর ও প্রতিষ্ঠানের (২ ইঞ্চি ব্যাস) এর গোল সীলসহ প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর সম্পন্ন করে শিক্ষার্থীদের রেজিষ্ট্রেশন কার্ড সরবরাহ করুন। উল্লেখ, এই সরবরাহকৃত কার্ডের রেজিষ্ট্রেশন নম্বর জেএসসি/৮ম/নবম/এসএসসি/একাদশ/এইচএসসি শ্রেণিতে বলবৎ থাকবে।

৩. **সংশোধন (ক)** প্রতিষ্ঠান-এ শিক্ষার্থীর আবেদনের প্রেক্ষিতে শিক্ষার্থীর নিজ নাম/ পিতার নাম/ মাতার নাম/ ধর্ম/ জেন্ডার/ ভার্সন/ শাখা/ শিফট/ শ্রেণী রোল/ বিষয়/ বয়স/ জন্ম নিবন্ধন নম্বর/ ডিজাবিলিটি ইত্যাদি জন্ম নিবন্ধন অনুযায়ী বয়স সংশোধন করা যাবে। এক বা একাধিক শিক্ষার্থীর তথ্য সংশোধন করে এক সঙ্গে টাকা জমার স্লিপ তৈরী করতে পারবে। **রেজিষ্ট্রেশন কার্ড সংশোধনের ক্ষেত্রে প্রিন্টের ন্যায় একই নিয়মে প্রবেশ করুন।** অতপর **Correction Probable list** এ ক্লিক করে Exam name, Exam Year select করে Submit করে Ok করুন। এর পর শিক্ষার্থীর Probable list দেখতে পাবে। এখান থেকে যে সকল শিক্ষার্থীর তথ্য সংশোধন করতে চান তার ডান পাশে Yes select করুন। এইভাবে একাধিক শিক্ষার্থীকে Yes select করা যাবে। এর পর এডিট করার জন্য Correction list এ ক্লিক করুন। এখান থেকে Choose one Type মেনু থেকে Probable list এ ক্লিক করে শিক্ষার্থীর তালিকা দেখাবে এবং প্রয়োজনীয় সংশোধন পূর্বক Submit এ ক্লিক করলে Temporary list-এ চলে যাবে। ভুলবশত কোন শিক্ষার্থী Yes হয়ে গেলে তা পূর্বের অবস্থায় আনার জন্য পুনরায় Correction list এ ক্লিক করুন। Choose one Type মেনু থেকে Temporary list-এ ক্লিক করলে তালিকা দেখাবে এবং এখানে ভুলবশত Yes করা শিক্ষার্থীকে Del করে দিতে হবে। Temporary list ভালমত যাচাই করে Reg. Correction Confirm এ ক্লিক করার পর সোনালী সেবা তৈরী করতে হবে। সোনালী সেবা তৈরী করে Payment complete হলে Final list পাওয়া যাবে এবং প্রিন্ট করতে পারবে। এভাবে একাধিক শিক্ষার্থীর তথ্য সংশোধন করা যাবে। উল্লেখ, Confirm-এ ক্লিক করলে, Payment complete না হওয়া পর্যন্ত কোন অবস্থায় নতুনভাবে Yes/সংশোধন করা যাবে না। সোনালী সেবা তৈরী ও প্রিন্ট করে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখা হতে ফি প্রদান করুন। এভাবে একাধিকবার ফি প্রদান পূর্বক রেজিষ্ট্রেশন কার্ড নির্দিষ্ট সময়ের মধ্যে সংশোধন করা যাবে। সাত দিনের মধ্যে Payment Complete না হলে সোনালী সেবা স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। পরবর্তীতে নতুনভাবে সংশোধন করে সোনালী সেবা তৈরী করতে হবে।

**(খ) ছবি ও বিশেষ চাহিদা সম্পন্নঃ** কোন শিক্ষার্থীর ছবি সংশোধন/পরিবর্তন করতে চাইলে, সরাসরি উক্ত শিক্ষার্থীর ছবি ও রেজিষ্ট্রেশন কার্ডের কপিসহ সোনালী সেবার মাধ্যমে নির্দিষ্ট ফি প্রদান পূর্বক রাজশাহী শিক্ষা বোর্ডে উপস্থিত হয়ে বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদন করতে হবে।

**বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর** বয়স সংশোধন অনলাইনে করা সম্ভব না হলে, সেক্ষেত্রে সমাজ সেবা অধিদপ্তর থেকে তার প্রাপ্ত কার্ড ও রেজিষ্ট্রেশন কার্ডের কপিসহ রাজশাহী শিক্ষা বোর্ডে উপস্থিত হয়ে বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদন করতে হবে।

**(গ) বাদ পড়া শিক্ষার্থীর তথ্যঃ** অনলাইনে এন্ট্রি করে Send করা যাবে এবং সোনালী সেবাসহ এর কপি বোর্ডের নিবন্ধন শাখায় জমাদিতে হবে।

স্বাঃ/-
সিনিয়র সিস্টেম এনালিষ্ট (চলতি দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

স্বাঃ/-
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী